

# প্রকল্প সারসংক্ষেপ

প্রস্তুতকরণ তারিখঃ ২৪/০৯/২০২১ খ্রি

- ১। প্রকল্পের নাম : “কক্সবাজার জেলার চকরিয়া উপজেলাধীন খুটাখালী ইউনিয়নের জলাবদ্ধতা দূরীকরণ ও ভাঙ্গন রোধ।”
- ২। (ক) মন্ত্রণালয় : পানি সম্পদ মন্ত্রণালয়  
(খ) সংস্থা : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো)
- ৩। প্রকল্পের পটভূমি : কক্সবাজার জেলার চকরিয়া উপজেলাধীন খুটাখালী ইউনিয়ন ও এর সন্নিহিত এলাকা লবন চাষ, মাছ চাষ ও কৃষি উৎপাদনের জন্য সমাদৃত। খুটাখালী ইউনিয়নের উত্তর পূর্ব দিকে খুটাখালী খাল এবং দক্ষিণ পূর্ব দিকে ফুলছড়ি খাল প্রবাহিত। জংগল খুটাখালী, খুটাখালী এবং ফুলছড়ি মৌজার আনুভূমিক ঢাল দক্ষিণ পশ্চিম দিকে হওয়ায় খুটাখালী ইউনিয়ন (আংশিক) ও উজানের আলীকদম এলাকাসহ প্রায় ২২০০০ একর নির্ভরশীল ক্যাচমেন্ট এর বৃষ্টির পানি ফুলছড়ি মৌজার ফুলছড়ি নামক স্থানে তুলনামূলক নিচু ও আনুভূমিক স্থান দিয়ে ফুলছড়ি খালে নিষ্কাশিত হয়। আলী কদম ও ঈদগড় হতে পাহাড়ি এলাকার পানি দ্রুত নেমে এসে খুটাখালী এলাকায় একত্রিত হয়ে এবং খুব কম সময়ে অধিক পরিমাণ পানি ফুলছড়ি খালে নিষ্কাশিত হওয়ার প্রয়োজনীয়তা দেখা দেয়। ফুলছড়ি খালে পানি নিষ্কাশনের কোন অবকাঠামো না থাকায় এবং ফুলছড়ি খালের নিষ্কাশন ক্ষমতা কমে যাওয়ায় খুটাখালী ইউনিয়নের অনেক বড় অংশ দীর্ঘ সময়ের জন্যে জলমগ্ন হয়ে পড়ে। এর ফলে প্রতিবছর ফসল ও মাছ চাষের ব্যাপক ক্ষতি হয় এবং পাশ্ববর্তী আবাসিক এলাকা শিক্ষা প্রতিষ্ঠান এবং বাণিজ্যিক প্রতিষ্ঠান জলাবদ্ধতায় আক্রান্ত হয়ে পড়ে। উপকারভোগীদের পক্ষ থেকে খুটাখালী ইউনিয়নের এবং সন্নিহিত উজানের আলীকদম উপজেলার পানি ফুলছড়ি খালে নিষ্কাশনের জন্যে ফুলছড়ি নামক স্থানে ফুলছড়ি খালের ডানতীরে রেগুলেটর নির্মাণ ও ফুলছড়ি খালের নিষ্কাশন ক্ষমতা ড্রেজিং এর মাধ্যমে উন্নীতকরণের জন্যে অনুরোধ করেন। এছাড়া, খুটাখালী ইউনিয়নের পশ্চিম পার্শ্বে অবস্থিত মহেশখালী চ্যানেলের উচু জোয়ারের পানি ডুলহাজারা খাল হয়ে খুটাখালীতে প্রবেশ করে। খুটাখালী এবং তার পাশ্ববর্তী এলাকায় কোন পোল্ডার না থাকায় সমুদ্রের উচু জোয়ার এবং প্রাকৃতিক দুর্যোগ সাইক্লোন এর প্রভাবে লোনা পানি সহজেই আবাসিক এলাকা এবং ফসলী জমিতে প্রবেশ করে। লোনা পানি প্রবেশ রোধে ফুলছড়ি খালের বামতীর এবং গ্রাম্য রাস্তা উচু করণের স্থানীয় জনগনদের পক্ষ থেকে দাবি করা হয়। এ প্রেক্ষিতে প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়।
- ৪। প্রকল্পের উদ্দেশ্য : প্রকল্পের উদ্দেশ্য সমূহ নিম্নরূপঃ
- ১। খুটাখালী ইউনিয়নের বিশাল জনগোষ্ঠী তথা ২২০০০ একর নির্ভরশীল ক্যাচমেন্ট এরিয়ার জলাবদ্ধতা, লবণাক্ততা, সেচ সুবিধা প্রদান করা ও পানি সম্পদের টেকসই ব্যবস্থাপনা।
  - ২। ভরাট হয়ে যাওয়া খাল পুনঃখনন এর মাধ্যমে দ্রুত পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন করা সহ পরিবেশের ভারসাম্য পুনরুজ্জীবিত করা।
  - ৩। বীধ নির্মাণের মাধ্যমে বিদ্যমান কৃষি উৎপাদন নির্বিলম্ব করা ও মৎস্য চাষের প্রভূত উন্নয়ন সাধনের মাধ্যমে নতুন কর্মসংস্থান সৃষ্টিসহ যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন সাধন করা।

৫। প্রকল্প এলাকা :

নির্বাচনী এলাকা	বিভাগ	জেলা	উপজেলা
২৯৪ কক্সবাজার -০১	চট্টগ্রাম	কক্সবাজার	চকরিয়া

৬। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় :

লক্ষ টাকায়

ডিপিপি	অনুমোদনের তারিখ	জিওবি	প্রকল্প সাহায্য	মোট
মূল	১৩/০৪/২০২১	৩১৯১.২৫	-	৩১৯১.২৫

৭। প্রকল্পের বাস্তবায়নকাল :

ডিপিপি	আরম্ভ	সমাপ্তি
মূল	এপ্রিল ২০২১	৩০ জুন ২০২৩

৮। প্রকল্পের প্রধান অঙ্গসমূহ:

লক্ষ টাকায়

ক্রমিক	প্রধান অঙ্গসমূহ (ডিপিপি অনুযায়ী)	পরিমাণ	প্রাক্কলিত ব্যয়
১	গ্রাম্য রাস্তা বাঁধে উন্নীতকরণ (২০২৪৭১.৯৫ ঘনমিটার মাটি)	৩.৫০০ কিঃমিঃ	৯৩৬.৩০
২	খালের তীর প্রতিরক্ষা	০.৭০০ কিঃমিঃ	৯৯০.৭৫
৩	খাল পুনঃখনন-২টি (১৪১৬৭০.৫০ ঘনমিটার মাটি)	৪.৭০০ কিঃমিঃ	২১২.০০
৪	রেগুলেটর নির্মাণ (২ ভেন্ট-১.৫ মি*১.৮ মি-১ টি, ৩ ভেন্ট-১.৫ মি*১.৮ মি-১ টি)	২ টি	৭৮৬.৭০
৫	বৃক্ষরোপণ ও সৌন্দর্য বর্ধন	১ দফা	৫০.০০
৬	অন্যান্য		২১৫.৫
<b>মোট</b>			<b>৩১৯১.২৫</b>



প্রকল্পের ম্যাপ